

বল নিয়ে প্র্যাকটিসে পোস্টিগা

স্টাফ রিপোর্টার : দীর্ঘদিন পর রবিবার বল নিয়ে প্র্যাকটিসে নামলেন পোস্টিগা। বহুদিন আগে চোটে পেয়েছিলেন। তারপর মাঠে নামলেও বল নিয়ে তাঁকে খেলতে দেখা যায়নি। রবিবার তাঁকে বল নিয়ে বেশ কিছুক্ষণ মাঠে খেলতে দেখা যায়। কোচ মলিনা দলকে দু'ভাগে ভাগ করে বেশ কিছুক্ষণ খেলান। সেই খেলাতে যোগ দেন পর্তুগাল স্ট্রাইকার। গোলকিপার শিল্টন পালও প্র্যাকটিসে নামলেন। যদিও তাঁদের পুরোপুরি ফিট বলা যাবে না। দু'জনে নামলেও সাবলীল ছিলেন না। পোস্টিগা শট নিয়েছেন, বল ধরে কাটিয়েছেন। কিন্তু সেই তৎপরতা চোখে পড়েনি। টিম ম্যানেজমেন্টের এক কর্তা বলছিলেন, “পোস্টিগা পুরোপুরি ফিট নয়। তবে ফিট হয়ে উঠছেন। গতবারের মতো একদম টুর্নামেন্ট থেকে আউট হয়ে গিয়েছেন তা বলা যাবে না। আমরাও বুঝে গিয়েছি সময় লাগবে। সেই সময় এখন না দিয়ে উপায় নেই। মুম্বই মাঠে পাওয়া যাবে না। সেই চেষ্টা কোচ মলিনা করছেন। আমাদের লক্ষ্য নর্থ ইস্ট ম্যাচ। সেই মাঠে ফিরে আসতে পারলেই হল। তাহলে বাড়তি সমস্যা হবে না। শিল্টনও তাই।”

মুম্বই মাঠে সজ্জ্বত ফিরছেন অর্ধ মণ্ডল।



পোস্টিগার অপেক্ষার এটিসে

যদিও প্রথম একাদশ এখনও ঠিক করে উঠতে পারেননি কোচ মলিনা। খোঁজ নিয়ে জানা গেল, অর্ধবের ফিরে আসার সম্ভাবনাই বেশি। গতম্যাচে ডিপ-ডিফেন্সে খেলেছিলেন দু'জন বিদেশি। সেরোনা দিল্লি ম্যাচে কার্ড দেখেছেন। তাঁর জায়গায় নিয়ে আসা হচ্ছে অর্ধবকে। সাধারণত যে কোনও ম্যাচের পরের দিন দলকে বিশ্রাম দেন মলিনা। এদিন তা করেননি। সামনে মুম্বই ম্যাচ। ফলে দলকে নিয়ে নেমে পড়েছিলেন প্র্যাকটিসে। যারা খেলেছেন তাঁদের সামান্য জগিং করিয়ে ছেড়ে দেন। বাকিদের নিয়ে তাঁকে মাঠে নেমে পড়তে দেখা যায়। এবং পুরোমাত্রায় প্র্যাকটিসও করান।

দল বেশ হাল্কা রয়েছে। আসলে দিল্লিকে হারানোর পর দলের চেহারা পাল্টে গিয়েছে। এমনিতেই দল এখন গ্রুপ লিগ টেবিলের ওপরের সারিতে। তারওপর দল মন্দ খেলছে না। ফলে সবদিক দিয়ে দলের মধ্যে চাপা ইতিবাচক দিক ধরা পড়ছে। দলের এক ফুটবলার বলেই দিলেন, “দিল্লিকে হারিয়ে আমরা ভাল জায়গায়। যদিও সেমিফাইনালে ওঠার রাস্তা পাকা নয়। একটা কথা মানতেই হবে, এবার শুরু থেকেই শেষ চারে যাওয়ার জায়গায় রয়েছে। এটাই বড় ব্যাপার।”